

অতি জরুরি  
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
অর্থনৈতিক উপদেষ্টা অনু বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
<http://www.mof.gov.bd>


নং-০৭.১৮৫.০১৬.০০.০০.০০২.২০১৬-৬ ৯

তারিখ: ১১/০৭/২০১৬ খ্রি:

**বিষয়: বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৬-এর ইংরেজি সংস্করণ প্রণয়নের জন্য ২০১৫-১৬ অর্থ বছরের তথ্য-উপাত্ত প্রেরণ।**

অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক ইতোমধ্যে বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৬-এর বাংলা সংস্করণ প্রকাশিত হয়েছে। জাতীয় সংসদের বাজেট অধিবেশনে অন্যান্য দলিলাদির সাথে উপস্থাপনের বাধ্যবাধকতা থাকায় সমীক্ষাটিতে ২০১৫-১৬ অর্থবছরের ফেব্রুয়ারি/মার্চ ২০১৬ পর্যন্ত তথ্য-উপাত্ত সাময়িকভাবে সন্নিবেশিত হয়েছে। উল্লেখ্য, বর্তমানে বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৬-এর ইংরেজি সংস্করণ (Bangladesh Economic Review-2016) প্রণয়নের কাজ শুরু হয়েছে। এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থাসমূহ হতে ২০১৫-১৬ অর্থবছরের জুন, ২০১৬ পর্যন্ত হালনাগাদ তথ্য-উপাত্ত প্রয়োজন। উক্ত তথ্য-উপাত্ত প্রেরণের সুবিধার্থে বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৬-এর বাংলা সংস্করণে অন্তর্ভুক্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট অংশ এতদসঙ্গে সংযোজন করা হলো।

০২। এমতাবস্থায়, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৬-এর ইংরেজি সংস্করণ (Bangladesh Economic Review-2016) প্রণয়নের লক্ষ্যে জুন, ২০১৬ পর্যন্ত হালনাগাদ তথ্য-উপাত্ত সম্বলিত write-up (ইংরেজিতে) আগামী ৩০.০৮.২০১৬ তারিখের মধ্যে অর্থ বিভাগের অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগে (ভবন নং-৬, কক্ষ নং-১২২০, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) প্রেরণের জন্য অনুরোধ করা হলো। হার্ড কপির পাশাপাশি উক্ত write-up-এর সফট কপি ই-মেইলে ([amonsur@finance.gov.bd](mailto:amonsur@finance.gov.bd), [amaksud@finance.gov.bd](mailto:amaksud@finance.gov.bd)) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

  
(নিরু শামছুন নাহার)  
অর্থনৈতিক উপদেষ্টা (প্রধান)  
ফোন: ৯৫৭৬৫৫২

.....  
.....  
.....

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ১। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।